# SSC Model Test -2018

অধ্যায় ভিত্তিক

| বিষয় | | সময় |
|---|---|---|
| ইসলাম শিক্ষা | | ১.৩০মি |

| পরীক্ষা নং | পূর্ণমান | অধ্যায় |
|---|---|---|
| ০১ | ৪০ | চতুর্থ |

পরীক্ষার্থীর নাম ঃ ......................................................................... রোল নং | | | | | | | রেজি.নং | | | | | | |

**যে কোন ২টি প্রশ্নের উত্তর দাও**

**১। নিচের উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাওঃ**

রমিজ সাহেব সরকারি অফিসের কর্মকর্তা। তিনি অফিসের কাজ যথাযথভাবে সম্পন্ন করেন না। তিনি প্রায়ই কাজে অমনোযোগী থাকেন। আবার বাড়িতে ছেলেমেয়েদেরও ঠিকভাবে দেখাশুনা করেন না। ছেলেমেয়েরা নিয়মিত স্কুলে না গেলেও তিনি কিছু বলেন না।

ক. মানবজীবনে সফলতা লাভের প্রধান হাতিয়ার কী? ১

খ. কর্তব্যপরায়ণতা বলতে কী বোঝায়? ২

গ. রমিজ সাহেবের চরিত্রে কীসের অভাব ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. রমিজ সাহেবের এরূপ আচরণের পরিণতি বিশ্লেষণ কর। ৪

**২। নিচের উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাওঃ**

সেন্ট জোসেফ উচ্চ বিদ্যালয়ের একদল শিক্ষার্থী তাদের প্রধান শিক্ষকসহ সুন্দরবনে শিক্ষা সফরে গেলেন। সেখানকার দৃশ্য দেখে তারা সকলেই মুগ্ধ হলেন। সেখানে দুজন লোক হরিণের গোশত বিক্রি করছিল। প্রধান শিক্ষক জিজ্ঞাসা করলেন, তোমরা কী হরিণের গোশত খেতে চাও? তারা সমস্বরে উত্তর দিল, 'না স্যার, আমরা খাব না। কারণ এটা জাতীয় সম্পদ। অন্যায়ভাবে শিকার করে জাতীয় সম্পদ অপব্যবহার করছে। আমরা এদেরকে সহায়তা করতে পারি না।' শিক্ষার্থীদের উত্তরে প্রধান শিক্ষক খুশি হয়ে বললেন– 'তোমরা কখনও দেশের স্বার্থবিরোধী কাজ করবে না। যখন পেশাজীবী হবে, তখন নিয়মিত কর দেবে, বিদ্যুৎবিল পরিশোধ করবে। মনে রাখবে, দেশপ্রেম ইমানের অঙ্গ।'

ক. দেশের প্রতি ভালোবাসা কীসের বিষয়? ১

খ. হরিণের গোশত বিক্রেতা দুজনকে কী বলা যায়? বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকের শিক্ষার্থীদের উক্তিতে কীসের বহিঃপ্রকাশ ঘটেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'প্রধান শিক্ষকের বক্তব্য জাতীয় উন্নয়নের সহায়ক'-বিশ্লেষণ কর। ৪

**৩। নিচের উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাওঃ**

শিক্ষক জাহিদ হাসান সাহেব বিদ্যালয় থেকে বাসায় ফেরার সময় দেখেন গলিতে কিছু যুবক একটি মেয়েকে উত্যক্ত করছে। তিনি উক্ত যুবকদের ভালো হয়ে যাওয়া ও ভালো কাজ করার পরামর্শ দেন। এতে তারা ক্ষিপ্ত হয় এবং পরবর্তীতে তাঁর বাসায় শাসাতে এলে তিনি বলেন, 'পৃথিবীতে আল্লাহ তায়ালা আমাকে পাঠিয়েছেন। সৎকাজের আদেশ এবং অসৎকাজের নিষেধ করার জন্য। কাজেই আমাকে হুমকি দিয়ে লাভ নেই।'

ক. কায্‌যাব অর্থ কী? ১

খ. 'আমর বিল মারূফ' বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের শিক্ষক জাহিদ হাসান সাহেবের কাজটি ইসলামের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ.উদ্দীপকে উল্লিখিত যুবকদের হুমকির জবাবে জাহিদ সাহেবের উক্তিটি বিশ্লেষণ কর। ৪

বহুনির্বাচনী প্রশ্নঃ-২০

**১) মানবজীবনের শ্রেষ্ঠ সম্পদ কোনটি?**

ক. আখলাকে হামিদাহ খ. আখলাকে যামিমাহ

গ. আখলাকে যায়িদাহ ঘ. আখলাকে সায়্যিআহ

**২) কোনটি দ্বারা মানুষ পূর্ণমাত্রায় মনুষ্যত্বের স্তরে অবস্থান করে?**

ক. কঠোর পরিশ্রম খ. উত্তম চরিত্র

গ. তাকওয়া ঘ. দয়া ও অনুগ্রহ

**৩) মহানবি (স) কে প্রেরণ করা হয়েছে কেন?**

ক. উত্তম চারিত্রিক গুণাবলিকে পূর্ণতা দানের জন্য

খ. রাজত্ব করার জন্য

গ. মিতব্যয়িতা শিক্ষা দেওয়ার জন্য

ঘ. মক্কা থেকে মদিনায় হিজরত করার জন্য

**৪) জীবনকে সুন্দর করে গড়ে তোলার জন্য কী প্রয়োজন?**

ক. ধন সম্পদ খ. সুন্দর বন গ. উত্তম চরিত্র ঘ. যাকাত আদায়

**৫) রিফাত সাহেব উত্তম চরিত্রের অধিকারী। রাসুল (স)-এর আদর্শ অনুযায়ী তিনি নিচের কোনটি করবেন?**

ক. মানবজাতিকে সচ্চরিত্র গঠনের শিক্ষা দেবেন
খ. সবসময় নিজের জীবন নিয়ে চিন্তা করবেন
গ. সবসময় আল্লাহর কাছে প্রার্থনা করবেন
ঘ. পরিবার-পরিজন থেকে আলাদা থাকবেন

**৬) ইসলামে আখলাকে হামিদাহ অর্জনের জন্য বিশেষভাবে গুরুত্ব দেওয়া হয়েছে। এর কারণ কী?**

ক. সচ্চরিত্র ইসলামের সৌন্দর্য ফুটিয়ে তোলে
খ. সচ্চরিত্রবান ব্যক্তি গভীর জ্ঞানের অধিকারী হন
গ. সচ্চরিত্রবান ব্যক্তি যুদ্ধে জয়ী হতে পারেন
ঘ সচ্চরিত্রবানরা সমাজের নেতৃত্বে থাকেন

**৭) সচ্চরিত্রের কারণে পরকালীন জীবনে কী পাওয়া যাবে?**(জ্ঞান)

ক .করুণা খ. অনুগ্রহ গ. মুক্তি ঘ. সুপারিশ

**৮) 'সুন্দর চরিত্রই পুণ্য'-কে বলেছেন?**

ক. আল্লাহ খ. মহানবি (স)
গ. হযরত আলি (রা) ঘ. হযরত উসমান (রা)

**৯) কিয়ামতের দিন মুমিনের পাল্লা ভারি হবে কোনটি দ্বারা?**

ক. সুন্দর চরিত্র খ. সালাত গ. হজ ঘ. যাকাত

**১০) জলিল সাহেবকে সমাজের সবাই ভালোবাসে, বিশ্বাস করে। তিনি কোন আখলাকের অধিকারী?**

ক. আখলাকে যামিমাহ খ. আখলাকে হামিদাহ
গ. আখলাকে যায়িদাহ ঘ. আখলাকে সায়্যিআহ

**১১) আরমান সাহেব ব্যক্তিগত জীবনে নৈতিক স্বভাব অনুশীলন করেন। এর ফলে তিনি কী লাভ করবেন?**

ক. প্রচুর ধন-সম্পদ খ. রাজনৈতিক নেতৃত্ব
গ. মহানবির (স) শাফাআত ঘ. সম্মান ও ভালোবাসা

**১২) হাদিসের ভাষ্যমতে মানুষকে আল্লাহর সবচেয়ে মূল্যবান দান কোনটি?**

ক. অর্থ খ. সৌন্দর্য গ. সুস্থতা ঘ. সুন্দর চরিত্র

**১৩) ইসলামের যাবতীয় সৌন্দর্য ফুটে ওঠে কীভাবে?**

ক. সালাতের মাধ্যমে খ. যাকাতের মাধ্যমে
গ. হজের মাধ্যমে ঘ. সচ্চরিত্রের মাধ্যমে

**১৪) উত্তম আচার-আচরণ মানুষকে–**

i. পুণ্য দান করে
ii. সাওয়াব দান করে
iii. রোজগারের ব্যবস্থা করে

**নিচের কোনটি সঠিক?**

ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii

**১৫) সচ্চরিত্রবান ব্যক্তিকে সমাজের সবাই–**

i. ভালোবাসে ii. টাকা দেয়
iii. বিশ্বাস করে

**নিচের কোনটি সঠিক?**

ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii

**১৬) যিনি সবরকম অন্যায়, অনাচার, পাপাচার বর্জন করে কুরআন ও সুন্নাহর নির্দেশ অনুযায়ী জীবনযাপন করেন তাকে কী বলা হয়?**

ক. মুহসিন খ. মুত্তাকি গ. মুফতি ঘ. মুহাদ্দিস

**১৭) আব্দুল বাতেন আল্লাহকে ভয় করে প্রতিদিন রাতে সালাত আদায় করেন। তাকে কী বলা হবে?**

ক. সত্যবাদী খ. মুমিন খ. মুত্তাকি ঘ. মাসবুক

**১৮) কোনটির ক্ষেত্র অত্যন্ত ব্যাপক?**

ক. আদল খ. আমানত গ. প্রতিশ্রুতি ঘ. তাকওয়া

**১৯) মুত্তাকিগণ পাপকাজ থেকে নিজেকে দূরে রাখেন কেন?**

ক. আল্লাহ তায়ালাকে ভালোবাসার কারণে
খ. রাসুল (স)-কে ভালোবাসার কারণে
গ. আল্লাহর কাছে জবাবদিহিতার ভয়ে
ঘ. সমাজের লোকদের ভয়ে

**২০) জনাব জামান আল্লাহ তায়ালার ভয়ে যাবতীয় অন্যায়, অত্যাচার ও পাপকাজ থেকে বিরত থেকে কুরআন– সুন্নাহ মোতাবেক জীবন পরিচালনা করেন। তাকে কী বলা হবে?**

ক. মুমিন খ. মুহসিন গ. মুত্তাকি ঘ. মুহাদ্দিস